

রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ
১০/১১ ইস্টার্ন প্রাজা, সোনারগাঁও রোড
হাতিরপুল, ঢাকা-১২০৫।


ছায়া কমিটির প্রতিবেদনের উপর গৃহীত ব্যবস্থা

- ১। বিশেষ ধন্যবাদ। এ ধরনের অনাকাঙ্ক্ষিত পরিবেশ কারো কাম্য নয়।
- ২। কোন পুট বা ভূমি বিষয়ে কোনরূপ সমস্যা বা অভিযোগ সুস্পষ্টভাবে জানা গেলে তা কার্যকরী পর্যদ ব্যবস্থা গ্রহণে উদ্যোগ গ্রহণ করবে। এ বিষয়ে সম্মানিত সদস্যদের লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হল।
- ৩। নামজারীর প্রক্রিয়া সহজতর হয়েছে। সদস্যদের সর্বাঙ্গিক সহযোগিতা করা হচ্ছে।
- ৪। সেক্রেটারীর প্রতিবেদনে এ বিষয়ে উল্লেখ আছে। রসায়ন সমিতির মাধ্যমে এ বিষয়ে কার্যকর পদক্ষেপ নেয়ার পাশাপাশি রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটিও নিজস্ব উদ্যোগে চেষ্টা অব্যাহত রাখবে।
- ৫। প্রকল্পের রাস্তা এবং কমন জায়গা সমূহ আগাছামুক্ত করার প্রক্রিয়া চলমান আছে। সদস্যদের স্ব স্ব পুট সমূহের আগাছা পরিষ্কার করার জন্য অনুরোধ আসলে প্রয়োজনীয় অর্থ প্রাপ্তি সাপেক্ষে সোসাইটি এ বিষয়ে সহায়তা প্রদান করবে।
- ৬। ভালো নিরাপত্তা প্রহরী নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। সদস্য সমূহের নিয়মিত বার্ষিক চাঁদা প্রদানের উপর এর সফলতা নির্ভর করবে।
- ৭। ব্যবস্থা গৃহীত হয়েছে।
- ৮। অভ্যন্তরীণ ভাংগাচোরা রাস্তা সমূহ মেরামত করা হয়েছে। আরো থাকলে তা মেরামতের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৯। সুপারিশ অনুযায়ী পুটের দাম সমন্বয় বিষয়ে সাধারণ সভায় আলোচনা করা যেতে পারে।
- ১০। সদস্যদের কাছে সার্টিফিকেট অব পোষ্টিং এর মাধ্যমে এ সংক্রান্ত পত্র প্রেরণ করা হয়েছে। ভোটার তালিকাভুক্তিকরণের বকেয়া পরিশোধের জন্য অনুরোধ সহ নির্বাচনী তফসিল সকল সদস্যদের অবহিত করা হয়েছে। বারবার অনুরোধ সত্ত্বেও বর্তমান ঠিকানা আপডেট না করায় কিছু সদস্য চিঠি পাননি। তবে রসায়ন নগর এর ওয়েব সাইটে 'www.rasayannagar.com' এও এ সংক্রান্ত পোষ্ট করা হয়েছে। তাছাড়া অফিসিয়াল WhatsApp গ্রুপ খুলে তথ্য বিনিময় অব্যাহত রয়েছে।
- ১১। অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠন বিষয়ে সাধারণ সভায় আলোচনা করা যেতে পারে। কার্যকরী পর্যদ এ বিষয়ে সাধারণ সভায় আলোচনার জন্য সুপারিশ গ্রহণ করেছে।
- ১২। যারা মূল দলিল গ্রহণ করেননি তাদের তালিকা প্রস্তুত করা হয়েছে। তবে পার্সোনাল তথ্য থাকায় শুধুমাত্র এ সংক্রান্ত নোটিশ ওয়েব সাইটে পোষ্ট করা হবে।
- যারা এখনো দলিল রেজিস্ট্রেশন করেননি, তাদেরকে পুনরায় অনুরোধ করা হচ্ছে।
- ১৩। এ বিষয়ে সেক্রেটারীর প্রতিবেদনে বিস্তারিত উল্লেখ করা হয়েছে। তবে আইনগত বিষয় অন্তর্ভুক্ত থাকায় এ তথ্য ওয়েব সাইটে সন্নিবেশিত না করার বিষয়ে কার্যকরী পর্যদ মতামত ব্যক্ত করে।
- ১৪। সদস্য বহির্ভূত ব্যক্তি মালিকানাধীন সংক্রান্ত তথ্য ওয়েব সাইটে অন্তর্ভুক্ত করার পদক্ষেপ নেয়া হয়েছে।
- ১৫। নিরাপত্তা বিচারে এটি পরবর্তীতে বাস্তবায়নের বিষয় বিবেচনা করা হবে।

- ১৬। এ সংক্রান্ত আইনী কার্যক্রম চলমান আছে। তবে আইনগত বিষয় ওয়েব সাইটে দেয়া যুক্তিযুক্ত হবে না বলে কার্যকরী পর্ষদ মনে করে।
- ১৭। কার্যকরী পর্ষদ এ চেষ্টা অব্যাহত আছে।
- ১৮। এ বিষয়ে প্রজেক্ট ম্যানেজার তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহণ করবে।
- ১৯। কার্যকরী পর্ষদ সকল প্রস্তাব ও সুপারিশমালাকে ধন্যবাদের সাথে গ্রহণ করছে। প্রয়োজনীয় ব্যবস্থা ধাপে ধাপে গ্রহণ করা হবে। উল্লেখ্য, নিরাপত্তা বিষয়ক প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত কমিটিও এ সংক্রান্ত সুলিখিত সুপারিশ প্রদান করেছে, যা বাস্তবায়নীয় আছে।
- ২০। মিউটেশন সংক্রান্ত জটিলতা লাঘবের বিষয় সদস্যদের অবহিত করা হচ্ছে। সাধারণ সভার মাধ্যমেও এ আহ্বান জানানো হচ্ছে।
- ২১। ওয়েব সাইটেও বিজ্ঞপ্তি দেয়া হবে। কার্যকরী পর্ষদ ধাপে ধাপে এগুলো বাস্তবায়ন করবে।
- ২২। বাস্তবতার আলোকে সময়োপযোগী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২৩। অগ্রাধিকার নির্ধারণের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এ সংক্রান্ত বাজেট প্রণয়ন এবং আর্থিক ব্যবস্থাপনার বিষয়ে সদস্যদের মতামত নেয়া যেতে পারে।
- ২৪। এ বিষয়ে আলোচনা চলছে। সোসাইটির সার্বিক স্বার্থ বিবেচনায় পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ২৫। উন্নয়ন সংক্রান্ত অর্থ স্থায়ী আমানতে রাখা হচ্ছে।
- ২৬। ভবিষ্যতে শুধুমাত্র সরকারি ব্যাংকে এফডিআর করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২৭। এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কাজ চলমান আছে।
- ২৮। এক্সপ্রেসওয়ে যেতে লিংক রোড তৈরির বিষয় সক্রিয় বিবেচনায় থাকবে।
- ২৯। সদস্যদেরকে তাদের বর্তমান ঠিকানা আপডেট করার জন্য অনুরোধ করা হল। ওয়েব সাইটে এ সংক্রান্ত নোটিশ ও Google Form লিংক দেয়া থাকবে। তাছাড়া WhatsApp গ্রুপও খোলা হয়েছে। ম্যাসেঞ্জার গ্রুপ ও প্রক্রিয়াধীন। সদস্যদেরকে তাদের WhatsApp নম্বর, E-mail address ও Facebook ID প্রদানের জন্য অনুরোধ করা হচ্ছে।
- ৩০। কার্যকরী পর্ষদের অভ্যন্তরিন নিরীক্ষা ও বিশ্লেষণ মাধ্যমে এ বিষয়ে সমাধান করার সিদ্ধান্ত গৃহীত হয়। কার্যকরী পর্ষদ এজেন্ডাভুক্ত করে এ বিষয়ে আলোচনা করবে।
- ৩১। এখনো এ বিষয়ে সমস্যা উদ্ভূত হয়নি। তবে পূর্ব সচেতনামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৩২। ধন্যবাদের সাথে গৃহীত হয়।



(শেখ মোঃ জসিম উদ্দিন)
সেক্রেটারী



(মোঃ নাজমুল হোসেন)
চেয়ারম্যান